



## ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ



ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়

জনতথ্য বিভাগ "ওয়াসা ভবন"

৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরানবাজার, ঢাকা-১২১৫

স্মারক নং-৪৬.১১৩.১০৩.০০.০০.০৮৪.২০১৭/৩৩২

তারিখঃ ২৪/০৩/২০২১

বার্তা সম্পাদক

"দৈনিক প্রথম আলো"

ঢাকা।


**বিষয়ঃ প্রকাশিত সংবাদের পরিপ্রেক্ষিতে ঢাকা ওয়াসার বক্তব্য।**

গত ২২ মার্চ, ২০২১ তারিখে আপনাদের "দৈনিক প্রথম আলো" পত্রিকার প্রথম পাতায় "মহামারির মধ্যে আবারও পানির দাম বাড়ছে" শিরোনামে প্রকাশিত সংবাদটি ঢাকা ওয়াসার দৃষ্টিগোচর হয়েছে। এ বিষয়ে ঢাকা ওয়াসার বক্তব্য নিম্নরূপঃ

প্রকাশিত সংবাদটি সঠিক তথ্যভিত্তিক নয়। ঢাকা ওয়াসা পানির দাম বাড়ানোর কোন সিদ্ধান্ত নেয়নি। বিষয়টি নিয়ে সম্মানিত গ্রাহকদের অযথা শংকিত করার একটি অপচেষ্টা বলে ঢাকা ওয়াসার নিকট প্রতিয়মান হয়েছে। বাৎসরিক মুদ্রাস্ফীতির সাথে পানির দাম সমন্বয় ওয়াসার একটি রুটিন প্রক্রিয়া। গত কয়েক বছর মুদ্রাস্ফীতি ৫ শতাংশের উর্ধ্বে হলেও (২০২০ সালে এই হার ছিল ৫.৬৫ শতাংশ) ঢাকা ওয়াসা মাত্র ৫ শতাংশ হারে সমন্বয় করে থাকে। এতে প্রকৃত অর্থে পানির মূল্য প্রতি বছরেই কমছে। নগরবাসীদের সুষ্ঠু, টেকসই ও উন্নত গ্রাহক সেবা প্রদানের স্বার্থে ঢাকা ওয়াসা প্রতি বছরই এই প্রক্রিয়া অনুসরণ করে থাকে। কেননা ঢাকা ওয়াসা বর্তমানে ভর্তুকি দিয়ে নগরবাসীকে সেবা দিয়ে আসছে, যা প্রতিবেদক তার প্রতিবেদনে প্রকাশ করেছেন। টিআইবির তথ্যকথিত গবেষণা প্রতিবেদন নিয়ে প্রতিবেদকের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা সেই প্রতিবেদনকে সংবাদ সম্মেলন করে প্রত্যাখান করেছিলো। কেননা ওই প্রতিবেদন বস্তুনিষ্ঠ ছিলনা। ওয়াসার পানি নিয়ে সংস্থার ব্যবস্থাপনা পরিচালক মহোদয় যথার্থই বলেছেন যে, ঢাকা ওয়াসা ড্রিংকেবল ওয়াটার সরবরাহ করছে যা কিছু সাবধানতা অবলম্বন করে পান করতে কোন অসুবিধা নেই। সেজন্য তিনি সম্প্রতি গ্রাহকদের সঙ্গে এক মতবিনিময় সভায় দশ মিনিট পানি ফুটিয়ে পান করার পরামর্শ দেন।

পরিশেষে, প্রতিবেদনটি সম্পর্কে ঢাকা ওয়াসার প্রতিবাদ বক্তব্যটি আপনাদের "দৈনিক প্রথম আলো" পত্রিকার পরবর্তী সংখ্যায় হুবহু একই কলামে প্রকাশ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হ'ল।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষে



এ. এম. মোস্তফা তারেক

উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা

ঢাকা ওয়াসা।